গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
নীতি-২ শাখা
www.moa.gov.bd

১০ ফাল্গুন ১৪২৮
স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৭৬.৫৫.০০১.২২-২২(১৫) তারিখ : ......................
২৩ ফেব্রুয়ারি ২০২২

প্রজ্ঞাপন

গত ১৬ জানুয়ারি ২০২২ তারিখ অনুষ্ঠিত কৃষি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন "Increasing Access to Finance for Farmer's Organization in Bangladesh" শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে কৃষি মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও রাজস্ব বাজেটের আওতায় প্রণীত/নির্মিত সকল কৃষি ও খাদ্য নিরাপত্তা বিষয়ক IEC (Information, Education and Communication) ম্যাটেরিয়াল/ডকুমেন্টারি অনুমোদন ও সমন্বয়ের নিমিত্ত নিম্নরূপভাবে 'কৃষি ও খাদ্য নিরাপত্তা বিষয়ক IEC টেকনিক্যাল কমিটি' গঠন করা হলো :

২। কমিটির গঠন :

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয় | - সভাপতি |
| ২. | যুগ্মসচিব (পিপিবি), কৃষি মন্ত্রণালয় | - সদস্য |
| ৩. | যুগ্মসচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয় | - সদস্য |
| ৪. | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-এর একজন প্রতিনিধি (পরিচালক/অতিরিক্ত পরিচালক পদমর্যাদার) | - সদস্য |
| ৫. | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন-এর একজন প্রতিনিধি (পরিচালক/যুগ্মপরিচালক পদমর্যাদার) | - সদস্য |
| ৬. | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল-এর একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার) | - সদস্য |
| ৭. | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট-এর একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার) | - সদস্য |
| ৮. | পরিচালক, কৃষি তথ্য সার্ভিস | - সদস্য |
| ৯. | কৃষি বিপণন অধিদপ্তর-এর একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার) | - সদস্য |
| ১০. | IEC ম্যাটেরিয়াল/ডকুমেন্টারি নির্মাণের উদ্যোগী সংস্থার প্রতিনিধি | - সদস্য |
| ১১. | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন-এর একজন প্রতিনিধি | - সদস্য |
| ১২. | গণযোগাযোগ অধিদপ্তর-এর একজন প্রতিনিধি | - সদস্য |
| ১৩. | বাংলাদেশ বেতার-এর একজন প্রতিনিধি | - সদস্য |
| ১৪. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (নীতি-১ শাখা) | সদস্য-সচিব |

৩। কমিটির কার্যপরিধি ও কার্যপদ্ধতি:

(১) গণমাধ্যমসমূহে বর্তমান কৃষি ও খাদ্য নিরাপত্তা বিষয়ক প্রচার কাজের উন্নয়নের জন্য নীতি/কৌশল নির্ধারণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ;

(২) গণমাধ্যমসমূহে/কর্মসূচির মাধ্যমে প্রচারিতব্য বর্তমান কৃষি ও খাদ্য নিরাপত্তা বিষয়ক প্রচারপত্র, বাণী ও তথ্যসমূহের পর্যালোচনা ও যুগোপযোগীকরণ;

(৩) কৃষি ও খাদ্য নিরাপত্তা বিষয়ক প্রচার কার্যক্রমসমূহ শহরের পাশাপাশি গ্রাম-গঞ্জে অধিক বিস্তারের জন্য পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;

(৪) কৃষি ও খাদ্য নিরাপত্তা বিষয়ক বিভিন্ন IEC (Information Education and Communication) সামগ্রীর গুণগতমান যাচাই-বাছাই, মূল্যায়ণ ও অনুমোদন এবং ছাড়পত্র প্রদান;

(ক) সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা এ বিষয়ে একটি ৩(তিন) সদস্য বিশিষ্ট উপ-কমিটি গঠন করবে। উপ-কমিটি IEC সামগ্রীর উপর প্রাথমিক পর্যালোচনা করে তা 'কৃষি ও খাদ্য নিরাপত্তা বিষয়ক IEC টেকনিক্যাল কমিটির নিকট প্রেরণ করবে;

(খ) IEC সামগ্রী পর্যালোচনাকালে কমিটি পূর্ব নির্ধারিত ক্রাইটেরিয়া অনুসরণ করবে;

(গ) কমিটির নির্দেশনায় অনুমোদিত আইইসি সামগ্রী অনলাইনে আপলোড করতে হবে;

(ঘ) কমিটি এসব সামগ্রী প্রচারের বিষয়টিও পরিবীক্ষণ করবে এবং বছর শেষে কমিটি বিভিন্ন কার্যক্রমসহ প্রচার-প্রচারণার প্রতিবেদন প্রকাশ করবে। সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা এ বিষয়ে কমিটিকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে;

চলমান পাতা/২

(ঙ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক বিশেষজ্ঞ ব্যক্তি/কর্মকর্তাকে সদস্য হিসেবে কমিটিতে কো-অপ্ট করতে পারবে/ কমিটির সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

৫। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৩/২/২০২২

(আছমা-উল-হোসনা)
সহকারী সচিব
ফোন : ৯৫৫৫৬২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত সচিব (পিপিসি),কৃষি মন্ত্রণালয়।
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
৩. চেয়ারম্যান,বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
৪. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
৫. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
৬. যুগ্মসচিব (পিপিবি), কৃষি মন্ত্রণালয়।
৭. যুগ্মসচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়।
৮. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর,গাজীপুর (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
৯. পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
১০. মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
১১. জনাব....................................... IEC ম্যাটেরিয়াল/ডকুমেন্টারি নির্মাণের উদ্যোগী সংস্থার প্রতিনিধি।
১২. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, ১১২, সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
১৩. মহাপরিচালক, বাংলাদেশ বেতার,শেরে বাংলা নগর, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
১৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. উপসচিব (নীতি-১ শাখা), কৃষি মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৭৬.৫৫.০০১.২২-২২(১৫)/১(১৬)

তারিখ : ১০ ফাল্গুন ১৪২৮
২৩ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক(বীজ), কৃষি মন্ত্রণালয়।
২. মহাপরিচালক,বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৩. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই)মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
৪. মহাপরিচালক,বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই)ঈশ্বরদি, পাবনা ।
৫. মহাপরিচালক,বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, ময়মনসিংহ ।
৬. মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (এসআরডিআই) কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা ।
৭. মহাপরিচালক, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর ।
৮. মহাপরিচালক,জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)জয়দেবপুর, গাজীপুর ।
৯. ব্যবস্থাপনা পরিচালক, হর্টিকালচার এক্সপোর্ট ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (হর্টেক্স ফাউন্ডেশন), মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
১০.নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড (সিডিবি) খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
১১.নির্বাহী পরিচালক,বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ), বরেন্দ্র ভবন, প্রধান কার্যালয়, সেনানিবাস সড়ক, আমবাগান, রাজশাহী।
১২. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
১৪. পরিচালক,বীজ প্রত্যয়ন এজেন্সী (এসসিএ),জয়দেবপুর, গাজীপুর।
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
১৬. সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল), কৃষি মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৩/২/২০২২

(আছমা-উল-হোসনা)
সহকারী সচিব